# EMRALD COMMERCIAL LIMITED

18, Rabindra Sarani,Poddar Court, Gate No. 4, 4th Floor, Room No. 4, Kolkata - 700 001
Phone : 033 2249 5083, E-mail : emrald.com@gmail.com, emraldcommercialltd@gmail.com
Website : www.emeraldcommercial.in, CIN No.: L29299WB1983PLC036040


Date: 30th June, 2021

To,
**Compliance Department**
**Metropolitan Stock Exchange of India Limited**
Vibgyor Towers, 4th floor, Plot No C 62, G - Block,
Opp. Trident Hotel, Bandra Kurla Complex,
Bandra (E),
Mumbai – 400 098

To,
**The Calcutta Stock Exchange Limited**
7, Lyons Range,
Kolkata- 700 001

**Subject: Compliance under Regulation 47 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements), Regulations, 2015 ("Listing Regulations")**

*Ref. Script Code: MSEI- **EMRALD**; CSE Scrip Code: **015082***

**Dear Sir,**

Pursuant to Regulation 47 of the Listing Regulations, please find enclosed copies of Audited Financial Results of the company for the quarter ended **31st March, 2021** published in the following newspapers on **30th June, 2021.**

- Financial Express – English Newspaper
- Sukhabar – Bengali Newspaper

Please take the same on your record and acknowledge the receipt of the same.

Thanking You.

Yours Faithfully,
**For Emrald Commercial Limited**

Mukesh Agarwal

**Mukesh Agarwal**
**Company Secretary**
**M. No. 612550**

EMRALD COMMERCIAL LTD. * KOLKATA

# দেবাঞ্জনের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ মামার, মেদিনীপুরে বিক্ষোভ

**সামিম হোসেন, ডায়মন্ড হারবার ও চিত্ত মাহাত, পশ্চিম মেদিনীপুর :** কসবার ভুয়ো ভ্যাকসিন কাণ্ড নিয়ে উত্তাল রাজ্য-রাজনীতি। এই কাণ্ডের নায়ক ভুয়ো আইএএস দেবাঞ্জন দেবের ফাঁদে অনেকেই পড়েছেন। কারোর সঙ্গে সে জালিয়াতি করতে বাকি রাখেনি। এবার সেই তালিকায় নতুন সংযোজন দেবাঞ্জনের ছোটো মামা ডায়মন্ড হারবারের বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব সন্দীপ মান্না। এবার তিনিও ভাগ্নের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ এনেছেন। নিজের ছোটো মামার সঙ্গে যে এমন প্রতারণা করতে পারে, তাতেই তিনি হতবাক। স্থানীয় সূত্রের খবর, দক্ষিণ ২৪ পরগনা জেলার ডায়মন্ড হারবারের রায়নগরের বাসিন্দা সন্দীপ মান্না চিত্রশিল্পের চর্চা করার পাশাপাশি এলাকার একটি নাট্যসংস্থার সঙ্গে জড়িত। ২০১৯ সালের জুন মাসে তাঁর আঁকা ছবি নিয়ে কলকাতায় একটি প্রদর্শনীর আয়োজন করার কথা জানিয়েছিল দেবাঞ্জন। সেই সুযোগে সে মামার কাছ থেকে ৫০ হাজার টাকা চায়। অত টাকা জোগাড় করা তাঁর পক্ষে সম্ভব হয়নি। অনেক বোঝানোর পর অবশ্য সেই টাকার পরিমাণ ৩৫ হাজারে এসে নামে। সেই টাকায়




দেবাঞ্জন প্রদর্শনী করাতে রাজি হয়। কলকাতার গগণেন্দ্র প্রদর্শনশালায় ওই প্রদর্শনী হয়। এসেছিলেন অভিনেতা বরুণ চন্দ, ওয়াসিম কাপুর ও পিয়ালি চক্রবর্তী। এরপর দেবাঞ্জন তার ছোটো মামাকে জানায়, রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী তাঁর কাজে খুশি হয়েছেন। এজন্য তাঁকে শংসাপত্র পাঠাচ্ছেন। এর কিছুদিনের মধ্যেই রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠীর স্বাক্ষর করা শংসাপত্র হাতেও পান। এমনকী নবান্ন থেকে তাঁর জন্য স্মারক এসেছে বলেও জানিয়েছিল দেবাঞ্জন। কাজের ক্ষেত্রে বিভিন্ন সময় ছোটো মামাকে ডেকে পাঠাত দেবাঞ্জন। এমনকী পুজোর সময় বিভিন্ন রকমের কাজ ও পুজো মণ্ডপের কোথায় কী আছে, সেই রিপোর্ট মামাকে দিয়ে করাত। তবে এখানেই শেষ নয়। ছোটো মামার ভালোবাসাকে হাতিয়ার করে সে ধীরে ধীরে প্রতারণার জাল বিস্তার করতে শুরু করে। রাজ্য চারুকলা কেন্দ্রের সদস্য হিসেবে নিয়োগের একটি চিঠি সে ছোটো মামার হাতে তুলে দেয়। এই সাম্মানিক পদে সরকার তাঁকে নিয়োগ করেছে বলে সে জানায়। এর জন্য গত বছরের ২২ জুলাই থেকে তাঁকে ভাতা বাবদ মাসে প্রায় ১০ হাজার টাকা দেওয়া হত। চলতি বছরের এপ্রিল মাসের পর আচমকা সেই ভাতা বন্ধ হয়ে যায়। ভাগ্নের ভ্যাকসিন কাণ্ড প্রকাশ্যে আসায় সন্দীপ মান্না হতবাক হয়ে যান। পরে জানতে পারেন তাঁর সঙ্গেও একই রকম প্রতারণা করা হয়েছে। তিনি কল্পনা করতে পারছেন না কী করে তাঁর সঙ্গে এমন প্রতারণা করা হল। এমন কাণ্ডে তিনি ভীষণভাবে ভেঙে পড়েছেন। তিনি বলেন, 'এখন যা অবস্থা, তাতে আমার মন খুব ভেঙে গেছে। আমি ভাবতে পারছি না, দেবাঞ্জন আমার সঙ্গে এমন করতে পারে। ও আমাকে যা যা দিয়েছিল, সেসব ভুয়ো। আমি ভীষণভাবে প্রতারিত। ভাবছি থানায় ভাগ্নের বিরুদ্ধে অভিযোগ করব।'

অন্যদিকে, ভুয়ো টিকা-কাণ্ডের পান্ডা দেবাঞ্জন দেবের নামে মেদিনীপুরে কোতয়ালি থানায় অভিযোগ করল সিপিআই(এম) দলের ছাত্র-যুব সংগঠন এসএফআই ও ডিওয়াইএফআই। করোনা মোকাবিলায় টিকাকরণের ওপর জোর দিয়েছে স্বাস্থ্য দফতর। তৃতীয় ঢেউয়ের আগে যত বেশি সম্ভব মানুষকে ভ্যাকসিন দেওয়ার তোড়জোড়ের মধ্যেই ভুয়ো ভ্যাকসিন নিয়ে শোরগোল পড়েছে। খোদ কলকাতার বুকে দিনের পর দিন ভুয়ো টিকা ক্যাম্প চালানোর পর নিজেকে আইএএস বলে ভুয়ো পরিচয় দেওয়া দেবাঞ্জন দেবকে গ্রেফতার করা হয়েছে। পশ্চিম মেদিনীপুর জেলাতেও ভুয়ো ভ্যাকসিন সেন্টারের খোঁজ চালায় প্রশাসন। ভ্যাকসিন-কাণ্ডে খড়্গপুর থেকে পুলিশ কয়েকজনকে গ্রেফতার করেছে। মঙ্গলবার অভিযুক্তদের গ্রেফতারের দাবিতে মেদিনীপুর শহরের কোতয়ালি থানার সামনে বিক্ষোভ দেখায় এসএফআই, ডিওয়াইএফআই, এআইডিএসও নামে ৩টি সংগঠন। পাশাপাশি মঙ্গলবার বাম সংগঠনগুলি মিছিল করে এসে মেদিনীপুর হাসপাতালের গেটে বিক্ষোভ দেখায়।

## অশোকনগরে অ্যাসিড হামলা, ধৃত ১

**সুমন তালুকদার, অশোকনগর :** সোমবার রাতে উত্তর ২৪ পরগনার অশোকনগর থানার অশোকনগর কল্যাণগড় পুরসভার ৯ নং ওয়ার্ডের হরিপুর এলাকায় লকডাউনের মধ্যে টোটোয় মদ ফেরি করা হচ্ছে। এ জন্য প্রতিবাদ করেন এলাকার বাসিন্দা ১ গৃহবধূ। তাই তাঁকে লক্ষ্য করে অ্যাসিড ছোড়া হয়। অভিযোগ পেয়ে পুলিশ নাড়ু সাধুকে গ্রেফতার করেছে। এ নিয়ে এলাকায় চাঞ্চল্য ছড়ায়। ওই মহিলার অভিযোগ, 'নাড়ু সাধু আমার বাড়ির সামনে টোটোতে মদ ফেরি করছিল। প্রতিবাদ করায় আমার ওপর অ্যাসিড ছোড়ে। অল্পের জন্য বেঁচে গেছি।' পুলিশ জানায়, ওই মহিলা অভিযোগ করেছেন। এরপর অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে।

## সিন্দ্রানি পঞ্চায়েতে বিজেপির প্রধানের বিরুদ্ধে অনাস্থা পাশ



**অনি কির্তনীয়া, বাগদা :** উত্তর ২৪ পরগনায় বাগদা ব্লকের বিজেপি পরিচালিত সিন্দ্রানি গ্রামপঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে মঙ্গলবার অনাস্থা পাশ হয়ে গেল। ২০১৮ সালের পঞ্চায়েত ভোটে মোট ২৬টি আসনের মধ্যে ১৩টি আসনে জয়ী হয় বিজেপি, ২টি নির্দল ও তৃণমূল কংগ্রেস পায় ১১টি আসন। বিজেপির ১৩ জন ও ২ জন নির্দল নিয়ে পঞ্চায়েত গঠন করে বিজেপি। প্রধান হন লতিকা মণ্ডল। ২০১৯ সালের প্রধানের বিরুদ্ধে একনায়কতন্ত্র চালানোর অভিযোগ তুলে ৩ জন বিজেপি সদস্য দল ছেড়ে তৃণমূলে যোগ দেন। ফলে সংখ্যাগরিষ্ঠ হারায় বিজেপি। মে মাসের ১০ তারিখ ১৪ জন পঞ্চায়েত সদস্য প্রধানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব জমা দেয়। মঙ্গলবার অনাস্থা ভোট হয়। এই ভোটে ১৪ জন পঞ্চায়েত সদস্য বিজেপি প্রধান লতিকা মণ্ডলের বিরুদ্ধে ভোট দেয়। ফলে পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অনাস্থা পাশ হয় । অনাস্থা ভোটকে কেন্দ্র করে মঙ্গলবার সকাল থেকে সিন্দ্রানি গ্রামপঞ্চায়েতে অফিসের ১০০ মিটার পর্যন্ত ১৪৪ ধারা জারি করে মহাকুমা-প্রশাসন। অনাস্থা ভোটাভুটি নিয়ে যাতে কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে, সে কারণে পঞ্চায়েত অফিসের সামনে প্রচুর পুলিশি পাহারা রাখা হয়েছিল। সিন্দ্রানি আঞ্চলিক তৃণমূল কংগ্রেসের সভাপতি তথা পঞ্চায়েত সদস্য সৌমেন ঘোষ বলেন, 'তৃণমূলের পক্ষ থেকে প্রধানের বিরুদ্ধে অনাস্থা আনা হয়েছিল। অনাস্থার পক্ষে ১৪ জন সদস্য ভোট দিয়ে দিয়েছেন।' যদিও অবৈধভাবে অনাস্থা আনা হয়েছে বলে অভিযোগ তুলে ২৫ তারিখ হাই কোর্টের দ্বারস্থ হয় বিজেপি। দল বিরোধী আইন অনুযায়ী বিজেপি থেকে তৃণমূলে যাওয়া ৩ সদস্যের সদস্যপদ খারিজের আবেদন জানানো হয়। লতিকা মণ্ডলের দাবি, 'আমরা হাই কোর্টের দ্বারস্থ হয়েছি। কোট যা রায় দেবে, আমরা সেইমতো চলব। আজ আমাদের কোনো সদস্য অনাস্থা ভোটাভুটিতে অংশ নেননি।'

# কৃষকবন্ধু প্রকল্পে রাজ্যে এগিয়ে পাথরপ্রতিমা

**বিমল বন্দ্যোপাধ্যায়, দক্ষিণ ২৪ পরগণা :** নতুন রূপে শুরু হওয়া কৃষকবন্ধু প্রকল্পে সবচেয়ে বেশি উপভোক্তাদের নিরিখে পশ্চিমবঙ্গের ৪ জেলাকে টপকে এগিয়ে গেল দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা। জেলায় জেলায় মোট উপভোক্তা কৃষকের হিসেব নিকেশ করতে গিয়ে এই চমকপ্রদ তথ্য সামনে এসেছে। তাতে দেখা যাচ্ছে, এই প্রকল্পের সুবিধা পাওয়ার নিরিখে দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা ব্লক একাই টেক্কা দিয়েছে রাজ্যের ৪টি জেলা অর্থাৎ আলিপুরদুয়ার, দার্জিলিং, পশ্চিম বর্ধমান ও কালিম্পংকে। শুধু তাই নয়, আরো চমক হল গোটা রাজ্যের মধ্যে এই সুবিধা পাওয়ার নিরিখে শীর্ষে রয়েছে এই সুন্দরবনের দ্বীপাঞ্চল ব্লক পাথরপ্রতিমা। প্রশাসন সূত্রের খবর, কৃষকবন্ধু প্রকল্পে পাথর প্রতিমা ব্লকে ৬০ হাজারের চাষি এই সুবিধা পাবেন। অথচ এই সংখ্যার ধারেকাছে উত্তরবঙ্গের ৩টি ও দক্ষিণবঙ্গের ১টি জেলা পৌঁছোতে পারেনি। তবে পিছিয়ে থাকলেও আলিপুরদুয়ার জেলা অনেকটাই পাথরপ্রতিমা ব্লকের কাছাকাছি আসতে পেরেছে। এই ব্লকের প্রায় কাছাকাছি রয়েছে জলপাইগুড়ি। এখানে ৬৩ হাজারের মতো কৃষক এই সুবিধা পাবেন। এই পরিস্থিতির কারণ কী? দক্ষিণ ২৪ পরগনার জেলা-প্রশাসনের দাবি, পাথরপ্রতিমায় অনেকটাই চাষযোগ্য জমি আছে। একাধিক দ্বীপ থাকার দৌলতে কৃষকদের মূল আয়ের উপায় হল চাষ। অন্যদিকে, উত্তরবঙ্গের ওই জেলাগুলিতে একটা বড় অংশ জুড়েই চা-বাগান। সেখানে চাষের জমি থাকলেও কৃষকদের কাছে তার নথিপত্র নেই। নামখানা, সাগর, কুলপির মতো ব্লকে এই প্রকল্পের উপভোক্তার সংখ্যা ২৭-২৮ হাজারের মতো। বজবজ ও সাতগাছিয়াতে একসময় প্রচুর চাষযোগ্য জমি ছিল। কিন্তু জলসেচের জন্য খাল সংস্কার না হওয়াতে চাষ বন্ধ হয়ে গেছে। বিঘের পর বিঘে জমি প্লট করে বিক্রি হচ্ছে। ফলে চাষিদের সংখ্যা কমেছে। অন্যদিকে, এই প্রকল্পের সুবিধা পাওয়ার নিরিখে দক্ষিণ ২৪ পরগনা জেলা রাজ্যের মধ্যে তৃতীয় স্থানে রয়েছে। এই জেলায় উপভোক্তার সংখ্যা ৫ লাখ ছাড়িয়েছে। তবে উল্লেখযোগ্য হল, রাজ্যে সর্বাধিক কৃষকবন্ধু উপভোক্তার ব্লক যেমন এই জেলায়, তেমনই সর্বনিম্ন কৃষকের সংখ্যা এই জেলাতে রয়েছে। ঠাকুরপুকুর মহেশতলা ব্লকে হাজারের নীচে রয়েছে কৃষকের সংখ্যা। শহর ঘেঁষা ব্লক হওয়ায় এই হাল বলে জানিয়েছেন প্রশাসনের কর্তারা।

## হরিহরপাড়ায় বাড়িতে ঢুকে যুবককে এলোপাথাড়ি কোপ

**পরাগ মজুমদার, হরিহরপাড়া :** মঙ্গলবার হরিহরপাড়ার মালোপাড়ায় জমি নিয়ে পুরনো বিবাদের জেরে একদল দুষ্কৃতী রাজেশ শেখের বাড়িতে ঢুকে তাঁকে এলোপাথাড়ি কোপায়। প্রতিবেশীরা চিৎকার শুনে ছুটে এসেতাঁকে আশঙ্কাজনক অবস্থায় মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ ও হাসপাতালে নিয়েযায়। তাঁর শরীরের বিভিন্ন জায়গায় জখম হয়েছে। জানা গেছে, ওই দুষ্কৃতীদের হাতে ধারালো অস্ত্র ছিল। কোনোকিছু বুঝে ওঠার আগেই তাঁকে কোপ মারা শুরু হয়ে যায়। ঘটনায় জেলার উচ্চ পুলিশ আধিকারিক বলেন, জমি নিয়েওই যুবকের সঙ্গে কয়েকজনের গণ্ডগোল চলছিল। তার জেরেই ওই ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে মনে করা হচ্ছে। কোপ মারার অভিযোগে ২জনকে গ্রেফতার করা হয়েছে। তৃণমূলের দাবি, রাজেশ তাদের কর্মী। ভোটের আগে রাজেশের ঘনিষ্ঠ এক যুবক ওই এলাকায় খুন হয়েছিলেন। অপরাধীদের গ্রেফতারের দাবিতে তিনি সরব হয়েছিলেন। সেই কারণেই তাঁর ওপর হামলা হতে পারে।

## থুপসারায় হবে কংক্রিটের বাঁধ

**সৌতিক চক্রবর্তী, শান্তিনিকেতন :** অজয় নদের তীরের বাসিন্দাদের দুর্দশার কথা মাথায় রেখে ও তাঁদের দাবি মেনে জেলা সেচ দফতরের তরফে ও পূর্ত দফতরের উদ্যোগে এবার নানুর ব্লকের থুপসারা পঞ্চায়েত এলাকার অজয় নদের পাড়ে তৈরি হবে কংক্রিটের বাঁধ। সূত্রের খবর, এরমধ্যেই কংক্রিটের বাঁধ তৈরি করার জন্য প্রায় ১৫ কোটি টাকা বরাদ্দ হয়েছে। বর্ষার পরই কাজ শুরু হবে। প্রতিবছর বর্ষার সময় অজয় নদ ফেঁপে ওঠে। এ বছরেও প্লাবনের আশঙ্কা দেখা দিয়েছে। নদীর পাড়ে বিভিন্ন জায়গায় বাঁধের মাটি আলগা হয়েছে। তাই পূর্ত দফতর থেকে তড়িঘড়ি বাঁধ মেরামতির কাজ কার হচ্ছে। যেসব জায়াগায় বাঁধের মাটি আলগা হয়েছে, সেখানে বালি ও মাটির বস্তা ফেলা হচ্ছে।বীরভূম জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ আব্দুল কেরিম খান বলেন, 'বর্ষার পর কংক্রিটের বাঁধ তৈরির কাজ শুরু হবে।' স্থানীয় বাসিন্দা কেরামত আলি, লাল্টু শেখর জানান, কংক্রিটের বাঁধ তৈরি হলে খুবই উপকারে আসবে। যত তাড়াতাড়ি সম্ভব কাজ শুরু হলে ভালো হয়।

## পড়ুয়াদের শিক্ষার উপকরণ বিলি

**নিজস্ব সংবাদদাতা, গঙ্গাজলঘাটি :** মঙ্গলবার বিশিষ্ট শিক্ষাবিদ তথা 'বাংলার বাঘ' স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের জন্মদিন উপলক্ষে জাতীয়তাবাদী শিক্ষক সংগঠন বঙ্গীয় শিক্ষক ও শিক্ষাকর্মী সঙ্ঘের বাঁকুড়া জেলা কমিটির শিক্ষক ও শিক্ষাকর্মীরা জেলার ছাত্রছাত্রীদের শিক্ষা সহায়ক উপকরণ দিয়ে সাহায্য করলেন। এদিন শতাধিক গরিব ও মেধাবী ছাত্রছাত্রীর হাতে ১ বছরের জন্য প্রয়োজনীয় খাতা, কলম, পেন্সিল, রাবার ও ব্যাগ তুলে দেওয়া হয়। সংগঠনের জেলা সভাপতি ভগীরথ পাল বলেন, 'শিক্ষাবিদ হিসেবে স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের অবদান এই বাংলায় অপরিসীম। তাই তাঁর জন্মদিনে গরিব পড়ুয়াদের হাতে শিক্ষার উপকরণ তুলে দিয়ে তাঁকে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করা হল।'

## দুবরাজপুরে নিখোঁজ ২ কিশোর উদ্ধার

**অশোক মণ্ডল, দুবরাজপুর :** সোমবার রাতে বাড়ি না ফেরায় বীরভূমের কাঁকড়তলা থানার বাবুইজোড় পঞ্চায়েতের গহরাকুড়ির পাটজোড়া আদিবাসী পল্লির সুমন্ত সোরেন(১৪) ও শ্রীকান্ত হাঁসদাকে(১৩) গ্রামবাসীরা হিংলো নদীর মধ্যে দ্বীপ থেকে উদ্ধার করে। ২ আদিবাসী কিশোরের নিখোঁজ হওয়াকে ঘিরে রহস্য দানা বাঁধতে থাকে। বাবুইজোড় পঞ্চায়েত প্রধান নবদ্বীপ মণ্ডলকে জানানো হলে তিনি কাঁকড়তলা থানার ওসি জাহিদুর রহমানকে খবর দেন। তবে কেন ওই ২ কিশোরকে ওখানে নিয়ে যাওয়া হয়েছিল তা জানা যায়নি।

## আইসিকে বদল করায় বিক্ষোভ

**সুভাষচন্দ্র দাশ, ক্যানিং :** মঙ্গলবার সকাল থেকে ক্যানিং এলাকার কয়েক হাজার মহিলা থানার সামনে ভিড় করে দাবি জানাতে থাকেন, থানার আইসিকে বদলি করা যাবে না। এরপর ওই মহিলারা ক্যানিং-বারুইপুর সড়ক অবরোধ করেন। অবরোধ তুলতে ঘটনাস্থলে আসেন ক্যানিংয়ের মহকুমা পুলিশ আধিকারিক গোবিন্দ শিকদার। তিনি বিক্ষোভ তুলে নেওয়ার জন্য অনুরোধ করেন। বিক্ষোভকারীরা পুলিশের কোনো কথায় কান দেয়নি। পরিস্থিতি বেগতিক বুঝে অবশেষে দুপুর ১২টা নাগাদ আইসি আতিবুর রহমান নিজেই বিক্ষোভকারীদের কাছে করজোড়ে অবরোধ তোলার অনুরোধ করেন। তখন অবরোধ ওঠে। বিক্ষোভকারীরা জানান, 'আমচকা থানার আইসির বদলির খবর পেয়ে আমরা বিক্ষোভে নামি। কারণ তিনি ক্যানিংয়ে ভালো কাজ করছিলেন।'

## কাটোয়ায় বিজেপি করায় ১০০ দিনের কাজ দেওয়া বন্ধ

**শ্যামল রায়, কাটোয়া :** কাটোয়া-১নং ব্লকের সুদপুর গ্রামপঞ্চায়েতের বিজনগর গ্রামে বিজেপি করার অপরাধে জনৈক শ্রমিকের ১০০দিনের কাজ বন্ধ হয়ে গেছে। স্থানীয় বিডিও জানান, এ নিয়ে অভিযোগ জমা পড়েছে। তা খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে। বিজেপির তরফে বিডিও'র কাছে দলের কর্মীদের ১০০দিনের কাজে নেওয়ার দাবি জানানো হয়েছে। তৃণমূল কংগ্রেস পরিচালিত সুদপুর গ্রামপঞ্চায়েত কর্তৃপক্ষ অবশ্য এই অভিযোগ অস্বীকার করেছেন। পঞ্চায়েতের কর্তারা বলেন, 'এলাকার উন্নয়নে আমরা সবসময় বাসিন্দাদের পাশে থাকি। তাই অভিযোগ পুরোপুরি মিথ্যা আর অপপ্রচার।' সুদপুর গ্রামপঞ্চায়েত এলাকার ১৯টি সংসদে ১০০দিনের কাজে নর্দমা সংস্কার চলছে। পঞ্চায়েত সূত্রের খবর, মোট ২,৪৭৩ জন শ্রমিকের জব কার্ড থাকলেও দুর্নীতি ঠেকাতে কাজ শুরুর আগে প্রত্যেককে নির্দিষ্ট ফর্মে পঞ্চায়েতের কাছে কাজ চেয়ে আবেদন করার কথা বলা হয়েছিল। যাঁরা আবেদন করেছেন তাঁরা প্রত্যেকেই কাজ পাচ্ছেন। মাস্টাররোল তৈরি করে তাঁদের তালিকাও করা হয়েছে। ফর্ম জমা দেওয়ার আগে গ্রামে মাইক দিয়ে প্রচার করা হয়েছিল। কিন্তু ওই পঞ্চায়েতের ৩৯,৪০,৪৮ ও ৪৯ নং বুথের বেশ কয়েকজন শ্রমিকের অভিযোগ, বিজেপিকে সমর্থন করার কারণেই পঞ্চায়েত মাস্টাররোলে তাঁদের নাম কেটেছে। তাঁরা আবেদনপত্র চাইতে গেলে তা দেওয়া হয়নি। গ্রামপঞ্চায়েত প্রধান ইয়াসমিন বিবি পালটা দাবি করেছেন, 'নারী শ্রমিকরা জব কার্ডের আবেদনপত্র জমা দিলে প্রত্যেককেই মাস্টাররোলে তালিকাভুক্ত করা হয়েছে। তাঁরা কাজ করছেন। কিন্তু যাঁরা কাজ পাননি, তাঁরা রাজনীতি করছেন।' মহকুমাশাসক প্রশান্ত রাজ শুক্লা বলেন, 'অভিযোগ খতিয়ে দেখা হচ্ছে।'

## মেজিয়ায় বাড়ছে কেরোসিনের অবৈধ কারবার

**নিজস্ব সংবাদদাতা, মেজিয়া :** উত্তর বাঁকুড়ার মেজিয়া-গঙ্গাজলঘাটি শিল্পাঞ্চল এলাকায় কেরোসিন ও ডিজেলের অবৈধ কারবার বাড়ছে। এনিয়ে এলাকায় ক্ষোভ বাড়ছে। মঙ্গলবার এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট আর মেজিয়া ও গঙ্গাজলঘাটি থানার পুলিশ অভিযান চালিয়ে মেজিয়া থানার পালেরবাঁধ থেকে ১,৮০০ লিটার কেরোসিন ও ১,০০০ লিটার ডিজেল আর গঙ্গাজলঘাটি থানার ঘটকগ্রামের ১টি হোটেল থেকে ৮০০ লিটার ডিজেল উদ্ধার করেছে। পুলিশ জানায়, এই কারবারে জড়িত থাকার অভিযোগে মেজিয়া থানার পালেরবাঁধ থেকে উত্তম পাল ও বিধান পালকে গ্রেফতার করা হয়েছে। ঘটকগ্রামের কারবারি পলাতক। তার খোঁজ চলছে।

## ক্যানিংয়ে ভ্রাম্যমাণ টিকা পরিষেবা চালু

**নিজস্ব সংবাদদাতা, ক্যানিং :** মঙ্গলবার সকালে ক্যানিং মহকুমা হাসপাতালে ভ্রাম্যমাণ করোনা টিকা পরিষেবার আনুষ্ঠানিক সূচনা করলেন ক্যানিং পশ্চিম বিধানসভা কেন্দ্রের বিধায়ক পরেশরাম দাস। ছিলেন ক্যানিং মহকুমা হাসপাতালের সুপার অপূর্বলাল সরকার, সহকারী সুপার বসুমিতা আঢ্য সহ অন্যরা। এই ভ্রাম্যমাণ টিকা পরিষেবায় ক্যানিং পশ্চিম বিধানসভা কেন্দ্রের কয়েক লাখ লোক উপকৃত হবেন বলে মনে করা হচ্ছে। উল্লেখ্য করোনার দ্বিতীয় ঢেউ আছড়ে পড়তেই সংক্রমণ ও মৃত্যুর সংখ্যা বাড়তে থাকে। করোনা টিকা বাজারে আসতেই শুরু হয় আরেক সমস্যা। কে টিকা পাবে আর কে পাবে না তা নিয়েও সমস্যা তৈরি হয়। পরে সব স্বাস্থ্যকেন্দ্র থেকে সাধারণের জন্য টিকা চালু হয়। আর তাতেই স্বাস্থ্যকেন্দ্রে ভিড় উপচে পড়তে শুরু করে।প্রত্যন্ত গ্রামের লোকেরা টিকা নেওয়া থেকে বঞ্চিত হচ্ছেন বলে অভিযোগ উঠতে থাকে। বিশৃঙ্খল পরিস্থিতিও তৈরি হয়। ক্যানিং পশ্চিম বিধানসভা কেন্দ্রের মহকুমা হাসপাতালেও একাধিকবার এই ঘটনা ঘটে। টিকা নেওয়া নিয়ে বিশৃঙ্খলা পরিস্থিতি সামাল দিতে শেষ পর্যন্ত পুলিশ প্রশাসনকে লাঠি হাতে



মাঠেও নামতে হয়। তাই এমন ঘটনা যাতে আর না ঘটে তাই ক্যানিং পশ্চিম বিধানসভা কেন্দ্রের বিধায়ক পরেশরাম দাস উদ্যোগ নেন। প্রত্যন্ত গ্রাম এলাকার লোক যাতে বাড়িতে বসেই করোনা টিকা পান সেজন্য ভ্রাম্যমাণ ভ্যাকসিন গাড়ির সূচনা হল। ওই গাড়ি ক্যানিংয়ের ইটখোলা, গোপালপুর, তালদি, হাটপুকুরিয়া, নিকারীঘাটা, দাঁড়িয়া সহ প্রত্যন্ত এলাকার লোকের দুয়ারে পৌঁছে যাবে।

## গোতিষ্ঠায় প্রধানের ইস্তফা

**অভিজিৎ ঘোষ, মঙ্গলকোট :** প্রধানের পদ থেকে ইস্তফা দিলেন মঙ্গলকোটের গোতিষ্ঠা পঞ্চায়েতের প্রধান নবকুমার ঘোষ। তিনি সোমবার ইস্তফাপত্র মঙ্গলকোটের বিডিওর কাছে জমা দেন। উল্লেখ্য, করোনার সংক্রমণ কমতেই সংগঠনে জোর দিতে শুরু করেছেন তৃণমূলের দাপুটে নেতা অনুব্রত মণ্ডল। ভোটের ফলাফল নিয়ে গত সপ্তাহে বোলপুরে পর্যালোচনায় বসেন বীরভূম জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি অনুব্রত মণ্ডল। সেখানে তাঁর দায়িত্বে থাকা পূর্ব বর্ধমানের ৩ বিধানসভা মঙ্গলকোট, কেতুগ্রাম ও আউশগ্রামের নেতাদের ডেকে পাঠানো হয়। সূত্রের খবর, সেদিনই অনুব্রত মণ্ডল সাফ জানিয়ে দেন হেরে যাওয়া অঞ্চলের সভাপতিদের সরিয়ে দেওয়া হবে।

# ইন্ডিয়া বুক অফ রেকর্ডসে মালিয়াড়ার বিশ্বরূপ

**দীপেন ঢাং, বড়জোড়া :** কোন রঙ ব্যবহার না করে শুধুমাত্র খড়ের ওপর নানা রঙ ফুটিয়ে বিভিন্ন দেবদেবী ও মনীষীদের ছবি বানিয়ে ইন্ডিয়া বুক অব রেকর্ডসে নাম নথিভুক্ত করলেন বাঁকুড়ার বড়জোড়া থানার মালিয়াড়ার বিশ্বরূপ কর্মকার। তাঁর লক্ষ্য ছিল লিমকা বুক অফ রেকর্ডস ও গিনেস বুক অব রেকর্ডসে নাম তোলা। সেই কাজে তিনি সফল হলেন। এই খড়ের কাজের জন্য মালিয়াড়ারই শিল্পী সমরেন্দ্রনাথ মিশ্রের নামডাক আছে। দেশের বিভিন্ন প্রান্তে খড়ের দুর্গা প্রতিমা ও দেবদেবীর মূর্তি বানিয়ে চোখ নজর কাড়লেও রেকর্ড বুকের দিকে তাঁর নজর নেই। বিশ্বরূপ কর্মকার জেলার গৌরবের মুকুটে আরেকটি পালক যোগ করলেন। তিনি কারো কাছে কাজ শেখেননি। এই কাজে অত্যন্ত ধৈর্যের পরিচয় দিতে হয়। তিনি বলেন, 'আমি কোনো রঙ ব্যবহার




করি না। খড় দিয়েই রঙ ফুটিয়ে তুলি। রোদ ও শিশির খাইয়ে খড়ের রঙ কালো, সোনালি, তামাটে করা হয়। এরপর শক্ত কাগজের পাটাতনে কিংবা পিচবোর্ডে আঠা দিয়ে দেব-দেবী ও মনীষীদের অবয়ব ফুটিয়ে তুলি।' তিনি জানান, ৪০ জন মনীষীর ইন্ডিয়া বুক অফ রেকর্ডসের দফতরে পাঠিয়েছিলেন। সেখান থেকে নেতাজী, রবীন্দ্রনাথ, বিবেকানন্দ, সৌরভ গঙ্গোপাধ্যায়, গণেশ ও বুদ্ধের অবয়ব বেছে নিয়ে রেকর্ড বুকে স্থান করে দিয়েছেন। ইনকাম ট্যাক্স বিভাগের কর্মী বিশ্বরূপ কর্মকারের আরেকটি গুণ হল দেহসৌষ্ঠব অনুশীলন করা। চাকরি পাওয়ার অনেক আগে থেকেই দেহসৌষ্ঠব প্রতিযোগিতায় রাজ্যস্তরে ও জাতীয়স্তরে যথাক্রমে তৃতীয় ও চতুর্থ স্থান পান। কর্মস্থলে দেহসৌষ্ঠব প্রতিযোগিতায় পরপর ৩ বার চ্যাম্পিয়ন হয়ে সোনাজয়ে হ্যাটট্রিক করেছেন। এবার ইন্ডিয়া বুক অব রেকর্ডসে তাঁর নাম নথিভুক্ত হওয়ায় জেলার শিল্প ও সংস্কৃতি মহলে খুশির হাওয়া বইছে।

**ছবি : রূপেশ খাঁ**


### ভেঙ্কটেশ্বরা ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশন কো. লিমিটেড

CIN : L65909WB1981PLC033333

৯০, ফিয়ার্স লেন, ষষ্ঠ তল, রুম নং -৬০৩, কলকাতা - ৭০০০১২

৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ

(ই পি এস ব্যতীত লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২১ | পূর্ববর্তী বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২০ | বিগত সমাপ্ত বছর ৩১.০৩.২০২১ |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ৭০৬.১৩ | ৩৪০.৭৮ | ১,৫৬৯.৩৫ |
| কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | ১০.০২ | ৩.৪৮ | ২১.৮৬ |
| কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | ১০.০২ | ৩.৪৮ | ২১.৮৬ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ৫০২৪.০০ | ৫০২৪.০০ | ৫০২৪.০০ |
| মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পূর্ণমূল্যায়ন সরক্ষা ব্যতীত সংরক্ষণ) | — | — | — |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) | | | |
| মূল | ০.০২০ | ০.০০৭ | ০.০৪৪ |
| লঘুকৃত | ০.০২০ | ০.০০৭ | ০.০৪৪ |

দ্রষ্টব্য : সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

বোর্ডের পক্ষে ও সমর্থনে
ভেঙ্কটেশ্বরা ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশন কো. লিমিটেড
স্বাক্ষর
নাম : নিখিল চন্দ্র সাহা
পদ : ডিরেক্টর
DIN : 08392229

স্থান : কলকাতা
তারিখ : ২৯.০৬.২০২১

### এমর্যাল্ড কমার্শিয়াল লিমিটেড

CIN : L29299WB1983PLC036040

১৮, রবীন্দ্র সরণি, পোদ্দার কোর্ট, গেট নং ৪, চতুর্থ তল, রুম নং - ৪, কলকাতা - ৭০০০০১

৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ

(ই পি এস ব্যতীত লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২১ | পূর্ববর্তী বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২০ | বিগত সমাপ্ত বছর ৩১.০৩.২০২১ |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ৩৫৩.৪৫ | ১৫২.৮৬ | ৩৯৭.৩৩ |
| কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | ৩৮.২১ | ১২.৩৭ | ৫২.৯৫ |
| কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | ৩৮.২১ | ১২.৩৭ | ৫২.৯৫ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ৪৩৫৯.৮৮ | ৪৩৫৯.৮৮ | ৪৩৫৯.৮৮ |
| মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পূর্ণমূল্যায়ন সরক্ষা ব্যতীত সংরক্ষণ) | — | — | — |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) | | | |
| মূল | ০.০৮৮ | ০.০২৮ | ০.১২১ |
| লঘুকৃত | ০.০৮৮ | ০.০২৮ | ০.১২১ |

দ্রষ্টব্য : সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

বোর্ডের পক্ষে ও সমর্থনে
এমর্যাল্ড কমার্শিয়াল লিমিটেড
স্বাক্ষর
ইন্দ্রজিৎ শেট্টি
ডিরেক্টর
DIN : 03581182

স্থান : কলকাতা
তারিখ : ২৯.০৬.২০২১

### হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড

CIN : L28991WB1981PLC033462

রেজিস্টার্ড অফিস: ৭, হেয়ার স্ট্রীট, চতুর্থ তল, কলকাতা - ৭০০ ০০১

৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ

(ই পি এস বাদে লাখ টাকায়)

| বিবরণ | বর্তমান সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২১ | বিগত বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২০ | বিগত বছর ৩১.০৩.২০২১ |
|---|---|---|---|
| ১. কাজের থেকে মোট আয় (প্রকৃত) | ৭.৮৭০ | ১৩.২৮০ | ২৭.১৩০ |
| ২. করের পর সাধারণ কার্যকলাপ থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | (০.৬৮০) | ১.৭৭৩ | ০.০৭০ |
| ৩. করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | (০.৬৮০) | ১.৭৭৩ | ০.০৭০ |
| ৪. ইক্যুটি শেয়ার মূলধন | ২০.০০ | ২০.০০ | ২০.০০ |
| ৫. মজুত (বিগত বছরের নিরীক্ষিত ব্যালান্সশীট অনুযায়ী পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত) | - | | - |
| ৬. শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০/- টাকা করে) | | | |
| ক. মূল | (০.০৩৪০) | ০.০৮৮৭ | ০.০৩৫০ |
| খ. লঘুকৃত | (০.০৩৪০) | ০.০৮৮৭ | ০.০৩৫০ |

দ্রষ্টব্য : (ক) সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি যা কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

বোর্ডের পক্ষে ও সমর্থনে
হ্যামিলটন পোলস ম্যানুফ্যাকচারিং কো. লিমিটেড
স্বাক্ষর
অপর্ণা শর্মা
ডিরেক্টর
DIN : 07006877

স্থান : কলকাতা
তারিখ : ২৯.০৬.২০২১

### কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড

CIN : L27104WB1980PLC033133

১৮ রবীন্দ্র সরণী, পোদ্দার কোর্ট, গেট নং -৪, চতুর্থ তল, রুম নং -৪, কলকাতা - ৭০০০০১

৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও বছরের নিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ

(ই পি এস ব্যতীত লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২১ | পূর্ববর্তী বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২০ | বিগত সমাপ্ত বছর ৩১.০৩.২০২১ |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ১০৯.৬৫ | ১২৯.৫২ | ১৬২.২৬ |
| কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | (৬.০১) | (৯.৫৪০) | ০.৯৫০ |
| কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | (৬.০১) | (৯.৫৪) | ০.৯৫ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ১৮২১.৩৪ | ১৮২১.৩৪ | ১৮২১.৩৪ |
| মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পূর্ণমূল্যায়ন সরক্ষা ব্যতীত সংরক্ষণ) | — | — | — |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) | | | |
| মূল | (০.০৩৩) | (০.০৫২) | ০.০০৫ |
| লঘুকৃত | (০.০৩৩) | (০.০৫২) | ০.০০৫ |

দ্রষ্টব্য : সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ত্রৈমাসিকের ও বছরের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

বোর্ডের পক্ষে ও সমর্থনে
কল্পতরু ইঞ্জিনিয়ারিং লিমিটেড
স্বাক্ষর
ভক্তি সোমিয়া
ডিরেক্টর
DIN : 06957470

স্থান : কলকাতা
তারিখ : ২৯.০৬.২০২১